**উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জুলাই ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ : ২৯ জুলাই ২০২৫ খ্রি.
সময় : দুপুর ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রশাসন | জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া ,নেত্রকোণা সভায় বলেন যে, সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ যেন তাঁদের উপরে ন্যস্ত দায়িত্ব সঠিক ভাবে পালন করেন। সেবা প্রত্যাশিরা কোনো ভাবেই হয়রানীয় স্বীকার না হয়। তাছাড়া উপজেলা পরিষদ জামে মসজিদের পূণরায় কমিটি গঠন করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার সভাপতি, উপজেলা প্রকৌশলী সাধারণ সম্পাদক এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ক্যাশিয়ার মনোনয়ন করে অন্যান্য কর্মকর্তাদের নিয়ে কমিটি গঠনের আলোচনা হয়। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। উপজেলা পরিষদ জামে মসজিদের কমিটিতে উপজেলা নির্বাহী অফিসার সভাপতি, উপজেলা প্রকৌশলী সাধারণ সম্পাদক এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ক্যাশিয়ার মনোনয়ন করে সকল দপ্তরের অন্যান্য কর্মকর্তাদের নিয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালে সেবার মান অনেক বৃদ্ধি পেয়েছে। হাসপাতালের আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। হাসপাতালে বিনা মূল্যে বিতরণের জন্য ঔষধ সরবরাহ বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানানো হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। মৎস্য ও পশু খাদ্য বিবিমালা ২০১৩ আইন বাস্তবায়নের জন্য মোবাইল কোর্ট পরিচালনার সহযোহিতা কামনা করে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি প্রনোদনা এবং পুনর্বাসন কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার বীজ এবং চারা বিতরণ কাযক্রম চলমান রয়েছে। আমনের আবাদ নির্বিঘ্নে করতে সার ও বীজ মনিটরিং কাযক্রম চলমান রয়েছে। সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিক রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চায়না দোয়ারি জাল দিয়ে মাছের ছোট পোনা দমন করা হচ্ছে তাই ছোট মাছ যেন জাল দিয়ে দমন না করা হয় সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপনে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি উন্নয়ন প্রকল্পের আওতায় পিআইসি/টেন্ডার কাজের প্রকল্প যথাসময়ে বাস্তবায়িত হয়েছে। উপজেলা পরিষদ জামে মসজিদের কমিটির অনেক সদস্য বদলী হয়ে যাওয়ায় কমিটি নতুন করে গঠন করা প্রয়োজন। অফিসের অন্যান্য কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। উপজেলা পরিষদ জামে মসজিদের নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরের গ্রামীণ রাস্তাসমূহ টেকসই করনের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১০০০মিটার রাস্তা এইচবিবি করণ করা হয়েছে। তাছাড়া ৩টি ৫০.০০দৈর্ঘ্যের গার্ডার ব্রীজের কাজ সম্পন্ন করা হয়েছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) ১ম, ২য় ও ৩য় পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | প্রশাসক/চেয়ারম্যান সকল ইউপি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি ২০২৫-২৬ অর্থ বছরের ১৩ টি ইউনিয়ন আবেদন জমা হয় ৫১১৫ জনের তার মধ্যে কোটা অনুযায়ী ১৬২৫ জন নির্বাচিত করতে হবে। মা ও শিশু সহায়তা ভাতার কার্যক্রম আপতত বন্ধ রয়েছে। নির্দেশনা পেলে পুনরায় চালু করা হবে। | ভিডব্লিউবি ২০২৫-২৬ অর্থ বছরের উপকারভোগী কোটের ভিত্তিতে নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও প্রশাসক/চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, দলপা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৪৯৩। খাবার বড়ি গ্রহণকারী ৫১১২জন। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৩৫। কনডম গ্রহণকারী ৬২৬৪জন। আই ইউ ডি গ্রহণকারী ০৪জন। ইনজেকশন গ্রহণকারী ৪৬৯জন। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। তবে অফিসে জনবলের ঘাটতি রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। চলমান এইচ এস সি সমমান পরীক্ষা সুষ্ঠু ভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত মনিটরিং করতে কিছুটা ব্যাহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে ৪২০ জন যুবক ও যুব নারীকে আত্মকর্মসংস্থানমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া ১৪০ জন যুবক ও যুব নারীকে বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও খামার সম্প্রসারণের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মসংস্থানের জন্য ৫৮ জন যুবক ও যুব নারীর প্রতিকূলে ৩০ লক্ষ ১০ হাজার টাকা বিতরণ করা হয়েছে। বর্তমানে চলমান আদায়ের হার সন্তোষজনক হলেও পূর্বে বিতরণকৃত খেলাপীর পরিমাণ ১৫ লক্ষ ৪০ হাজার ৮ শত ৪০ টাকা। খেলাপী টাকার আদায়ের হার বৃদ্ধির বিষয়ে সকলের সহযোগিতা চাওয়া হয়। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা সমাজসেবা কার্যালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের ভাতার আবেদনের কার্যক্রম শেষ হয়েছে এবং প্রতিবন্ধী সনদ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কার্যক্রম শেষে ১০৬৭ জনের ভাতা নিশ্চিত করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৪-২৫ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার), পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, কেন্দুয়া উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংকের আওতায় সমিতির সংখ্যা ৩৮১টি। সদস্য সংখ্যা ১০৬০৫জন। ঋণ আউটস্ট্যান্ডিং ২১,৯০,০০,০০০/- খেলাপী ঋণের পরিমাণ ১০,০০,০০,০০০/- খেলাপী | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য প্রধান কার্যালয় থেকে উকিল নোটিশ প্রদানের নির্দেশনা রয়েছে তা অচিরেই কাযকর করার সিদ্ধান্ত নেওয়া হবে। ২০২৪-২৫ অর্থ বছরে শাখার ব্যয় মিটিয়ে ১৭,০০,০০০/- উদ্বৃত রয়েছে। তাছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%।পরবর্তীতে নির্মিত আশ্রয়ন প্রকল্পের এ পযন্ত ০৬টি সমিতি নিবন্ধিত হয়েছে। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানগণ সহকারী প্রোগ্রামার |
| ১৮. | চেয়ারম্যান নওপাড়া ইউপি | চেয়ারম্যান নওপাড়া ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, নওপাড়া ইউপি |
| ১৯. | চেয়ারম্যান গন্ডা ইউপি | চেয়ারম্যান গন্ডা ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | চেয়ারম্যান, গন্ডা ইউপি |
| বিবিধ -১ | বিভিন্ন খরচের অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. উপজেলা পরিষদের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বহি প্রিন্টিং ও বাঁধাই বাবদ ২১,৩৭৫/- চেক নং-৭৫৭৬১০৫ মূলে মো: জুবায়দুর রহমান, প্রোপাইটার, সৌরভ প্রিন্টিং প্রেসকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৭৫/- ও ১,৭৫০/- টাকা প্রদান। ০২. উপজেলা পরিষদের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বহি প্রিন্টিং ও বাঁধাই বাবদ ২১,৩৭৫/- চেক নং-৭৫৭৬১০৮ মূলে মো: জুবায়দুর রহমান, প্রোপাইটার, সৌরভ প্রিন্টিং প্রেসকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৭৫/- ও ১,৭৫০/- টাকা প্রদান। ০৩. চেয়ারম্যান ও ইউএনও বাসভবনে আলোকিত করার জন্য ফ্লাডলাইট বাবদ ২১,২৮১/-চেক নং-৭৫৭৬১৩৭মূলে জনাব মো: হিরণ, ইলেকট্রনিক মিস্ত্রিকে প্রদান, সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৬৭/- ও ১,৭৪২/-টাকা প্রদান করা হয়। ০৪. উপজেলা পরিষদের ০৩মাসের ইন্টার নেট বিল বাবদ ৩,৮২৫/-টাকা জনাব আমান উল্লাহ, সিএ উপজেলা পরিষদ কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২২৫/-ও ৪৫০/-টাকা প্রদান। ০৫. উপজেলা পরিষদের হলরুমে ১০টি চেয়ার হোম কোশন পরিবর্তন ও মেরামত বিল ২০,০০০/-চেক নং-৭৫৭৬১৯৪মূলে জনাব দীপক চন্দ্র, দীপক চেয়ার রিপিয়ারিং কিশোরগঞ্জকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/-ও২,৫০০/-টাকা প্রদান। ০৬. উপজেলা পরিষদের হলরুমে ১০টি চেয়ার মেরামত বিল ২০,০০০/-চেক নং-৭৫৭৬১৯৭মূলে জনাব দীপক চন্দ্র, দীপক চেয়ার রিপিয়ারিং কিশোরগঞ্জকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/-ও২,৫০০/-টাকা প্রদান। ০৭. উপজেলা পরিষদের মসজিদের ড্রেন, গেজেটেড কোয়ার্টার ড্রেন ইত্যাদি পরিষ্কার পরিচ্ছন্ন কাজের বিল বাবদ ২০,০০০/- চেক নং-৭৫৭৬২০০ মূলে মো: জাহাঙ্গীর মিয়া, শ্রমিক, কেন্দুয়া পৌরসভাকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/-ও২,৫০০/-টাকা প্রদান। | ০১,০২, নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে বাজেট ও প্রিন্টিং খাত হতে, ০৩ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের যন্ত্রপাতি ক্রয় খাত হতে, ০৪নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ইন্টারনেট খাত হতে, ০৫ ও ০৬নং ক্রমিকের খরচকৃত অর্থ ২০২৫-২৬অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র মেরামত খাত হতে, ০৭নং ক্রমিকের খরচকৃত অর্থ ২০২৫-২৬অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের পরিষ্কার পরিচ্ছন্ন খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

CS CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৭/২০২৫

(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ২৯ জুলাই ২০২৫ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ৬৬৪

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ২৯ জুলাই ২০২৫ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ৬৬৪

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। উপজেলা ........................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
২। প্রশাসক/চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৩। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

CamScanner